# শুল্ক নিয়ে আশায় নাগেশ্বরন, ট্রাম্পের মিশ্র বার্তা

নিজস্ব সংবাদদাতা

আমেরিকার সঙ্গে ষষ্ঠ দফার বাণিজ্য বৈঠকের প্রাক-আলোচনাপর্ব সেরেছে ভারত। বৃহস্পতিবার কেন্দ্রের মুখ্য আর্থিক উপদেষ্টা ভি অনন্ত নাগেশ্বরন জানান, তাঁর আশা আগামী আট-দশ সপ্তাহের মধ্যেই দু'দেশের শুল্ক সমস্যার সমাধান হয়ে যাবে। একই দিনে আমেরিকার প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের বার্তা, তিনি ভারত এবং প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর ঘনিষ্ঠ। কিন্তু রাশিয়াকে চাপে রাখার উদ্দেশ্যে দিল্লির উপরেও নিষেধাজ্ঞা চাপিয়েছেন তিনি। সংশ্লিষ্ট মহলের বক্তব্য, শুল্কের ভবিষ্যৎ নিয়ে এ বারও স্পষ্ট বার্তা দিলেন না ট্রাম্প।

এ দিন কলকাতায় বণিকসভা ভারত চেম্বার, মার্চেন্টস চেম্বার এবং ক্যালকাটা চেম্বারের সভায় যোগ দেন নাগেশ্বরন। তিনি বলেন, "যে ভাবে আলোচনা এগোচ্ছে তাতে মনে হয়




■ শহরে নাগেশ্বরন। মার্চেন্টস চেম্বারে। ছবি: *বিশ্বনাথ বণিক*

রাশিয়ার থেকে তেল কেনার জন্য ওয়াশিংটনের চাপানো ২৫% শুল্ক উঠে যেতে পারে। এটা অবশ্য আমার ব্যক্তিগত মত।" তবে রফতানি বাড়ানোর দায়িত্ব শিল্প ক্ষেত্রের কাঁধেই তুলে দিয়েছেন নাগেশ্বরন। তাঁর মতে, রফতানি বাড়ানো সরকারের কাজ নয়। এটা শিল্পকেই করতে হবে। সরকার মূলধন জোগাড়ের খরচ কমানোর ব্যবস্থা করতে পারে। যা তারা ইতিমধ্যেই অনেকটা করছে।"